# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৭৩৩

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৬৭. মোজাদ্বয়ের উপর মসেহ করার অনুমতি এবং তৎসংশ্লিষ্ট বিষয়। এ সম্পর্কে বিভিন্নরূপ রিওয়ায়াত

بَابُ الرُّخْصَةِ فِي الْمَسْحِ عَلَى الْخُفَّيْنِ ، وَمَا فِيهِ ، وَاخْتِلَافِ الرِّوَايَاتِ

---

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرٍ النَّيْسَابُورِيُّ ، نَا سُلَيْمَانُ بْنُ شُعَيْبٍ بِمِصْرَ ، ثَنَا بِشْرُ بْنُ بَكْرٍ ، ثَنَا مُوسَى بْنُ عُلَيٍّ ، عَنْ أَبِيهِ ، عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ ، قَالَ : " خَرَجْتُ مِنَ الشَّامِ إِلَى الْمَدِينَةِ يَوْمَ الْجُمُعَةِ ، فَدَخَلْتُ الْمَدِينَةَ يَوْمَ الْجُمُعَةِ ، وَدَخَلْتُ عَلَى عُمَرَ بْنِ الْخَطَّابِ ، فَقَالَ : مَتَى أَوْلَجْتَ خُفَّيْكَ فِي رِجْلَيْكَ ؟ قُلْتُ : يَوْمَ الْجُمُعَةِ . قَالَ : فَهَلْ نَزَعْتَهُمَا ؟ قُلْتُ : لَا . قَالَ : أَصَبْتَ السُّنَّةَ . ، قَالَ أَبُو بَكْرٍ : هَذَا حَدِيثٌ غَرِيبٌ . قَالَ أَبُو الْحَسَنِ : وَهُوَ صَحِيحُ الْإِسْنَادِ

বাংলা

৭৩৩(১১)। আবু বাকর আন-নায়সাপুরী (রহঃ) ... উকবা ইবনে আমের (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি জুমু’আর দিন সিরিয়া থেকে মদীনার উদ্দেশে রওয়ানা হলাম। আর আমি যেদিন মদীনায় প্রবেশ করলাম তাও ছিল জুমুআর দিন। আমি উমার ইবনুল খাত্তাব (রাঃ)-এর নিকট উপস্থিত হলে তিনি বলেন, কবে থেকে তুমি মোজা পরিহিত অবস্থায় আছো? আমি বললাম, জুমুআর দিন থেকে। তিনি বলেন, তুমি কি মোজাদ্বয় খুলেছিলে? আমি বললাম, না। তিনি বলেন, তুমি সুন্নাত অনুযায়ী আমল করেছ। আবু বাকর (রহঃ) বলেন, এটি গরীব হাদীস। আবুল হাসান (রহঃ) বলেন, এর সনদসূত্র সহীহ।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80522

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন